স্থানীয় সরকার বিভাগ
প্রশাসন-১ শাখা

বিষয়: "Master's Program for Future Global Leaders in Environmental Policy (MGLEP)"-এ কর্মকর্তা মনোনয়ন।

সূত্র: পররাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ১৯.০০.০০০০.৪৩৫.৩৩.৩০১.১৮.৫৫০, তারিখ: ০৩ নভেম্বর ২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের আলোকে ফেব্রুয়ারি ২০২৬-ডিসেম্বর ২০২৭ মেয়াদে দক্ষিণ কোরিয়ার সিউল-এ অনুষ্ঠিতব্য "Master's Program for Future Global Leaders in Environmental Policy (MGLEP)"-এ অংশগ্রহণে আগ্রহী কর্মকর্তাগণের প্রয়োজনীয় তথ্য আগামী ১০ নভেম্বর ২০২৫ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

মোঃ আকবর হোসেন
উপসচিব
ফোন: ০২-৫৫১০১১১৮১
e-mail: lgadmin1@lgd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
২. যুগ্মসচিব/পরিচালক (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৩. উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।
৪. সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ।

---

ইউ.ও.নোট নং: ৪৬.০০.০০০০.০৩৯.০১৮.০০১.২০১৭-১৪১৭ তারিখ: ০৫ নভেম্বর ২০২৫ খ্রি.

অনুলিপি:

১. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
২. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৩. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
৪. যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
৫. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
পূর্ব এশিয়া এবং প্রশান্ত অনুবিভাগ
ঢাকা
www.mofa.gov.bd

স্মারক নম্বর: ১৯.০০.০০০০.৪৩৫.৩৩.৩০১.১৮.৫৫০

তারিখ: ১৮ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
০৩ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: **'Master's Program for Future Global Leaders in Environmental Policy (MGLEP)'-তে কর্মকর্তা মনোনয়ন প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে আদিষ্টক্রমে জানানো যাচ্ছে যে ঢাকাস্থ প্রজাতন্ত্রী (দক্ষিণ) কোরিয়া দূতাবাস এক কূটনৈতিক পত্রের মাধ্যমে (MBA-P-217/2025; তারিখ: ২৯ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ) অবহিত করেছে Ministry of Environment of the Republic of Korea কর্তৃক আয়োজিত 'Master's Program for Future Global Leaders in Environmental Policy (MGLEP)' আগামী ফেব্রুয়ারি ২০২৬-ডিসেম্বর ২০২৭ খ্রিস্টাব্দে সিউল, দক্ষিণ কোরিয়াতে অনুষ্ঠিত হতে যাচ্ছে। উক্ত প্রোগ্রামে উপযুক্ত ০১ (এক) বা ০২ (দুই) জন কর্মকর্তাকে মনোনয়নের জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া বরাবর H.E. Kim Sung-hwan, Minister, Ministry of Climate, Energy and Environment of the Republic of Korea পত্রসূত্রে অনুরোধ জানিয়েছেন।

০২। আগামী ১৪ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দের মধ্যে মনোনীত কর্মকর্তা কর্তৃক অনলাইনে (www.mglep.net/apply) আবেদনপূর্বক পূরণকৃত আবেদন ও প্রয়োজনীয় তথ্যাদি নির্ধারিত ইমেইল এবং একই সাথে ডাকযোগে প্রদত্ত ঠিকানায় (Adress: #412, Law School Building, 163 Seoulsiripdae-ro, Dongdaemun-gu, Seoul, Republic of Korea, Postal Code: 02504, Receiver: Sharon Baek, Contact: +82-2-6490-5159) প্রেরণের জন্য পত্রসূত্রে জানানো হয়েছে।

০৩। উক্ত প্রোগ্রামে অংশগ্রহণের জন্য আসা-যাওয়ার বিমান ভাড়া (ইকোনমি ক্লাস), টিউশন ফি, আবাসন, দৈনন্দিন ভাতা, বিবিধ ভ্রমণ খরচ, কোরিয়ান ভাষা শিক্ষা কোর্স, সংশ্লিষ্ট শিক্ষাসামগ্রী, শিক্ষা সফর, ফিল্ড ট্রিপ, স্বাস্থ্য পরীক্ষা (প্রোগাম চলাকালীন ০২ বার), বিমা-সহ বিবিধ ব্যয় দক্ষিণ কোরিয়া সরকার বহন করবে মর্মে অবগত করা হয়েছে।

০৪। বিষয়টি সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর
১) অতিরিক্ত সচিব
২) মহাপরিচালক
৩) যুগ্মসচিব
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)
১) প্রশাসন
২) নগর উন্নয়ন
৩) উন্নয়ন
৪) পানি সরবরাহ (পাস)
৫) উপজেলা অধিশাখা
৬) ইউপি অধিশাখা
৭) অডিট অধিশাখা
৮) আইন অধিশাখা
ডাইরি নং.......................
তারিখঃ ০৬/১১/২৫
স্বাক্ষর

(সিয়াম রহমান)
সহকারী সচিব (পূর্ব এশিয়া এবং প্রশান্ত)
ফোন: ০২-২২৩৩৮৮৬০০
ইমেইল: aseap@mofa.gov.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১) সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
০২) সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
০৩) অফিস কপি।